**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG


"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"



- স্বামী বিবেকানন্দ


ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]

HOWRAH। হাওড়া | DAILY। দৈনিক | RNI:WBBEN/2020/81746 | 4 JULY 2025, FRIDAY। ৪ জুলাই ২০২৫, শুক্রবার | VOLUME। বর্ষ-5 | ISSUE। সংখ্যা-322 | PAGE। পৃষ্ঠা-4


## মনোজ তিওয়ারির উদ্যোগে একুশে জুলাই এর প্রস্তুতি সভা



এই যুগ, হাওড়া, ৩ জুলাই : শিবপুর বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা ক্রীড়া ও যুব কল্যাণ প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি মহাশয়ের আহবানে ও উদ্যোগে শহীদ স্মরণে অমর একুশে জুলাই উপলক্ষে শিবপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ৪৩ নম্বর ওয়ার্ডে অনাথ বন্ধু সমিতিতে হয়ে গেল প্রস্তুতি সভা। উক্ত সভায় উপস্থিত ছিলেন শিবপুর কেন্দ্রের বিধায়ক তথা ক্রীড়া ও যুব কল্যাণ প্রতি মন্ত্রী মনোজ তিওয়ারি, শিবপুর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস সভাপতি মহেন্দ্র শর্মা, শিবপুর ব্লক এর তৃণমূল মহিলা কংগ্রেস এর সভানেত্রী রীনা মল্লিক, এসসি এসটি অবিসি সেল এর সভানেত্রী এমিলি মল্লিক, নমঃশূদ্র ও উদ্বাস্তু সেল এর হাওড়া জেলা সভাপতি ভোলানাথ সেন, হাওড়া জেলা তৃণমূল কংগ্রেস এর সাধারণ সম্পাদক দেবংসু দাস, সাধারণ সম্পাদক পার্থ সারথী অধিকারী, শিবপুর ব্লক এর তৃণমূল কংগ্রেস এর সাধারণ সম্পাদক বিপ্লব দে ও ওয়ার্ড এর সমস্ত সভাপতি সভানেত্রী সহ শিবপুর কেন্দ্রের কর্মীরা।

## পাচারের পথে উদ্ধার ব্রাউন সুগার, গ্রেপ্তার দুই



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৩ জুলাই : আলিপুরদুয়ার জেলা পুলিশের সোনাপুর পুলিশ আউটপোস্টের ওসি অমিত শর্মার নেতৃত্বে অভিযান চালিয়ে বৃহস্পতিবার দুই যুবককে প্রচুর পরিমান ব্রাউন সুগার সহ গ্রেপ্তার করে। জানা গেছে বিশ্বস্তসূত্রে খবর পেয়ে সোনাপুর পুলিশ আউটপোস্টের ওসি অমিত শর্মার নেতৃত্বে পুলিশের একটি দল নাকা চেকিং বসায় কোচবিহার হাসিমারা সড়কে। নাকা চেকিং এ একটি মোটরসাইকেল সহ দুই যুবককে আটক করে তল্লাশী চালিয়ে তাদের হেফাজত থেকে উদ্ধার হয় প্রচুর পরিমান ব্রাউন সুগার। পুলিশ আটক দুই যুবককে গ্রেপ্তার করে তাদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে। ধৃতদের শুক্রবার আলিপুরদুয়ার জেলা আদালতে পেশ করা হবে। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে উদ্ধার করা ব্রাউন সুগার ও মোটরসাইকেল বাজেয়াপ্ত করে পুলিশ। ধৃতদের নাম রুপম মন্ডল ও সঞ্জয় বিশ্বকর্মা, দুজনেই হাসিমারা এলাকার বাসিন্দা। পাচার চক্রে আরও কেউ জড়িত আছে কিনা সেসব বিষয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

## জলদাপাড়ায় বাইসনের হামলায় মৃত্যু বনকর্মীর



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ৩ জুলাই : বাইসনের হানায় বনকর্মীর মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। এমনটাই জানা গেছে বনকর্মীদের কাছ থেকে বৃহস্পতিবার বিকেল পাঁচটা নাগাদ। জঙ্গলেই বাইসনের হামলায় দুলাল রাভা নামে এক বন কর্মীর মৃত্যু হয়। জলদাপাড়া পূর্ব রেঞ্জের মালঙ্গি বিট এলাকায় এই ঘটনাটি ঘটেছে। তবে মৃত ব্যক্তির বাড়ি চিলাপাতায়। এদিন তাকে গুরুতর জখম অবস্থায় ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালে আনা হয়। হাসপাতালে আনার পথেই তার মৃত্যু হয়। এরপরই মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠানো হয় বৃহস্পতিবার বিকালে। বনদপ্তর মৃত ব্যক্তির পরিবারকে ক্ষতিপূরণের আশ্বাস দিয়েছে। এদিকে দুর্ঘটনা ঘটার পরেই খবর পেয়ে চিলাপাতা থেকে মৃত বন কর্মীর পরিজনেরা ছুটে আসেন ফালাকাটা হাসপাতালে। তার মৃত্যুতে শোকের ছায়া নেমে আসে বনকর্মীদের মধ্যেও। তবে বারবার জঙ্গলের ভিতরে বন্য প্রাণীর হামলার মৃত্যুর ঘটনায় বনকর্মীরাও আতঙ্কিত হয়ে পড়েছেন। জঙ্গলের ভিতরে বন্যপ্রাণীর হামলায় সাধারণ মানুষের মৃত্যুর পর এবার বন্য জন্তুর আক্রমণে মৃত্যুর ঘটনা ঘটলো খোদ বনকর্মীর।

## উল্টো রথ ও মহরম শান্তিপূর্ণ ভাবে উদযাপনের লক্ষ্যে সমন্বয় বৈঠক মালদহ জেলা পুলিশের



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ৩ জুলাই : আসন্ন উল্টোরথ ও মহরম উৎসব নির্বিঘ্নে উদযাপনের লক্ষ্যে মালদহ জেলা পুলিশের বিভিন্ন থানায় বৃহস্পতিবার আয়োজিত হয় সমন্বয় বৈঠক। বৈঠকে উপস্থিত ছিলেন স্থানীয় থানা এলাকার সাধারন মানুষ, নির্বাচিত জনপ্রতিগন, আসন্ন উল্টোরথ ও মহরম উদযাপন কমিটির কর্মকর্তা সহ উদ্যোক্তাগন। পুলিশ সূত্রে জানানো হয় বৈঠকের মূল উদ্দেশ্য দুটি অনুষ্ঠান শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভাবে সম্পন্ন করা। স্থানীয় সমন্বয় নিরাপত্তা ব্যবস্থা ও জনগনের সহযোগিতা নিয়ে আলোচনা হয়।

## জেলার কথা

# বাজ পড়ে আহত তিনজনের চিকিৎসা চলছে জেলা হাসপাতালে



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,৩ জুলাই : আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসাধীন তিন জনকে শুক্রবার ছুটি দেওয়া হবে জানা গেছে বনদপ্তরের পক্ষ থেকে বৃহস্পতিবার রাত নটা নাগাদ। আলিপুরদুয়ার জেলার বক্সার জঙ্গলে বাজ পড়ে আহত হয়েছেন তিনজন বুধবার বেলা বারোটা নাগাদ। বিশ্বজিৎ রাভা ইন্দ্রজিৎ রাভা এবং জোসনা রাভা আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসাধীন আছেন। বৃহস্পতিবার রাত আটটা নাগাদ বনদপ্তরের কর্মকর্তারা আলিপুরদুয়ার জেলা হাসপাতালে গিয়ে তাদের সঙ্গে দেখা করে আসেন এমনটাই জানা গেছে বনদপ্তর সূত্রে। বনদপ্তর এর কাজ করার সময় বুধবার বেলা বারোটা নাগাদ বাজ পড়ে মৃত্যু হয় তপন রাভা নামে ৩০ বছরের এক ব্যক্তির। আহত তিনজনের চিকিৎসা চলছে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে।

## কাগজের নৌকা

৪ জুলাই ২০২৫ , শুক্রবার

### বাস্তব জীবন

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

সবার কথা ভাবতে- ভাবতেই ,
কেটেই গেল অষ্টপ্রহর , আজ এই কাল- বেলায় ,
শুধু পেলাম এই জীবনের প্রতিক্ষনে ,
ব্যঙ্গ -মিশ্রিত অভিনয় আর হেলা ,
মুখে হাসি আর লুকিয়ে কাঁদি ,
শুধু ভাবি দেখেনা তো কেউ ,
দায়বদ্ধতার এই স্রোতধারায় ,
বঞ্চনার পাহাড়প্রতিম হয়ে ওঠে ,
বুক পাঁজরে শুধু মস্ত ঢেউ ,
প্রাসাদ গড়ে দিয়ে চলে যাব যখন ,
পড়ে থাকবে সবকিছু এই মর্তলোকে।
যেদিন সবাই দূরে ঠেলে দেবে ,
হয়ে যাবে পুরো একা ,
ঝাপসা নজরে যখন পৃথিবীর আলো ,
হয়ে যাবে বড় কম , কপালে তখন এঁকে দেবে ,
এক গভীর বলিরেখা ।
সেদিন তো সবাই একা হয়ে যাবে ,
থাকবে না আর কেউ ,
থাকবে শুধু স্মৃতিগুলো পাশেই পরে ,
থাকবে না কোন বাঁচার আকর্ষণ ,
এই পৃথিবীতে পড়ে থাকবে ,
শুধু একটি নির্মল সবুজ মন।।

# মাকে খুঁজে দিতে পুলিশের দ্বারস্থ ১১ বছরের মেয়ে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ জুলাই : ৩২ বছরের গৃহবধূ তার ছেলে-মেয়েকে রেখে বাড়ি থেকে নিখোঁজ হয়ে গেলেন । অভিযোগ দায়ের হলো শামুকতলা থানার পুলিশের কাছে বৃহস্পতিবার বিকেল ছটা নাগাদ। বুধবার সকালে তিনি বাড়ি থেকে বের হন বাজারে সবজি বিক্রি করার জন্য। এরপর থেকে তার আর কোন খোঁজ পাওয়া যায়নি। তার সঙ্গে থাকা মোবাইল সুইচ অফ আছে। এদিকে তার বাড়িতে স্বামী ছাড়াও রয়েছে এক মেয়ে এবং এক ছেলে। পঞ্চম শ্রেণীতে পাঠরত মেয়ে এবং অষ্টম শ্রেণীতে পাঠরত ছেলেকে রেখেই তিনি নিখোঁজ হয়ে গিয়েছেন। বৃহস্পতিবার তার স্বামী থানায় অভিযোগ করতে আসার সময় তার ছেলে এবং মেয়ে এসেছেন পুলিশের কাছে তার মাকে খুঁজে বের করে দেওয়ার জন্য। নিখোঁজ মহিলার নাম লাহাঙ্গি মুর্মু। তার বাড়ি শামুকতলা থানার বড় পুখুরিয়া গ্রামে। পুলিশ একটি নিখোঁজের মামলা শুরু করেছে।

# পুলিশের অভিযানে ভেস্তে গেলো ডাকাতির ছক ,গ্রেপ্তার চার ,উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ গুলি ও অন্যান্য সরঞ্জাম



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , মুর্শিদাবাদ ,৩ জুলাই : মুর্শিদাবাদ জেলা পুলিশের কান্দি থানার পুলিশ করত্মীদের অভিযানে ভেস্তে গেলো ডাকাতির ছক। গ্রেপ্তার করা হয় চার জনকে , উদ্ধার হয় একটি আগ্নেয়াস্ত্র , সাত রাউন্ড গুলি ও ডাকাতির কাজে ব্যবহার উপযোগী বিভিন্ন সরঞ্জাম। জানা গেছে বৃহস্পতিবার কান্দি থানার পুলিশ বিশ্বস্তসূত্রে খবর পায় থানা এলাকার খোসবাসপুর এস এইচ ১১ রাস্তা লাগোয়া এলাকায় সংঘবদ্ধ ডাকাতির উদ্দ্যেশ্যে বেশ কয়েকজনের একটি দল এলাকায় ঘোরাফেরা করছে। খবর পেয়ে পুলিশ দ্রুত অভিযান চালিয়ে চার জনকে আটক করে , দলের বাকিরা পুলিশের অভিযানের আঁচ পেয়ে পালিয়ে যেতে সমর্থ হয়। পুলিশ আটক ব্যক্তিদের হেফাজত থেকে আগ্নেয়াস্ত্র, গুলি ও ডাকাতির কাজে ব্যবহার উপযোগী বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করে ও আটক চারজনকে গ্রেপ্তার করে। তাদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে পুলিশ ধৃতদের আদালতে পাঠানোর প্রস্তুতি নিয়েছে। পালিয়ে যাওয়া অন্যান্যদের খোঁজে তদন্ত শুরু করেছে পুলিশ।



# আন্তর্জাতিক প্লাস্টিক ব্যাগ মুক্ত দিবসে সচেতনতা র‍্যালি স্কুল পড়ুয়াদের




সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ৩ জুলাই : জুলাই মাসের তিন তারিখ প্রতিবছর পালিত হয় আন্তর্জাতিক প্লাস্টিক ব্যাগ মুক্ত দিবস হিসাবে। আলিপুরদুয়ার জেলা প্রশাসন জুলাই মাসের এক তারিখ থেকে তিন তারিখ পর্যন্ত জেলার প্রতিটি গ্রাম পঞ্চায়েত এলাকায় স্কুল গুলিতে ও হাটে বাজারে প্লাস্টিক ব্যাগ ব্যবহারের কুফল সম্পর্কে সপচেনতা প্রচার শুরু করেছে। বৃহস্পতিবার জেলার বিভিন্ন এলাকার স্কুল পড়ুয়াদের নিয়ে আয়োজন করা হয় সচেতনতা র‍্যালি। র‍্যালি থেকে প্লাস্টিক ব্যাগ ব্যবহার বর্জনের আহ্বান জানানো হয়। র‍্যালি থেকে বাজার এলাকার ক্রেতা বিক্রেতাদের মধ্যে বিতরন করা হয় কাপড়ের ব্যাগ।সকলকে প্লাস্টিক ব্যাগ ব্যবহার করতে বারন করা হয়।

# পথ নিরাপত্তা সপ্তাহে উৎসর্গ কর্মসূচি অনুসারে রক্তদান শিবির পুলিশের





নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,৩ জুলাই : পথ নিরাপত্তা সপ্তাহ উপলক্ষ্যে জলপাইগুড়ি জেলা পুলিশের মালবাজার ট্রাফিক গার্ড, মেটেলি ট্রাফিক গার্ড ও ক্রান্তি ট্রাফিক গার্ডের যৌথ উদ্যোগে বৃহস্পতিবার মালবাজার থানা প্রাঙ্গনে আয়োজিত হয় এক স্বেচ্ছা রক্তদান শিবির। এদিনের শিবিরে পুলিশ কর্মী , সিভিক ভলান্টিয়ার ও এলাকার সাধারণ মানুষ অংশগ্রহণ করেন। শিবিরে এদিন মোট একশো তেত্রিশ ইউনিট রক্ত সংগৃহীত হয়। উপস্থিত ছিলেন জলপাইগুড়ি জেলা অতিরিক্ত পুলিশ সুপার গ্রামীন সমীর আহমেদ ,পদ্মশ্রী এম্বুল্যান্স বাইক দাদা করিমুল হক , মালবাজার মহকুমা পুলিশ আধিকারিক দেশমুখ রোশন প্রদীপ , ডি এস পি ট্রাফিক জলপাইগুড়ি অরিন্দম পাল চৌধুরী , মালবাজার থানার আই সি , ট্রাফিক ইন্সপেক্টর মালবাজার ও ট্রাফিক ইন্সপেক্টর হাইওয়ে সহ অন্যান্যরা। এদিনের শিবির থেকে বার্তা দেওয়া হয় নিরাপদ রাস্তা যেমন জীবন বাঁচায় এক ফোঁটা রক্ত ও অন্যের জীবন বাঁচায়।

# নিজের মাঠেই প্রথম রাউন্ডে ভরাডুবি সান্তালপুরের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ জুলাই : প্রি সুব্রত কাপ ফুটবল খেলার প্রথম রাউন্ডে ওয়াস আউট হয়ে গেল আলিপুরদুয়ার জেলার সান্তালপুর মিশন হাই স্কুলের মহিলা ফুটবল দল। এমনটাই জানা গেছে খেলা পরিচালন কমিটির কর্মকর্তাদের সঙ্গে কথা বলে বৃহস্পতিবার। প্রথম রাউন্ডের খেলায় পাঁচ গোলে হেরে গেলেন আলিপুরদুয়ার জেলার সান্তালপুর মিশন হাই স্কুলের ফুটবল টিম মালদার কাছে। ৬৪ তম ইন্টার স্কুল প্রি সুব্রত কাপ প্লাস্টার লেভেল ফুটবল চ্যাম্পিয়নশিপ অনূর্ধ্ব ১৭ মহিলা ফুটবল টুর্নামেন্ট শুরু হয়েছে আলিপুরদুয়ার জেলার সান্তালপুর মিশন হাই স্কুলের মাঠেই। নিজের মাঠেই খেলে প্রথম রাউন্ডেই বিদায় নিলেন সান্তালপুর মিশন হাই স্কুলের ফুটবল টিম। খেলাধুলায় আলিপুরদুয়ার জেলা এখনো পিছিয়ে রয়েছে আবারও প্রমাণিত করে দিলেন সান্তালপুর স্কুলের মহিলা ফুটবল টিম। বৃহস্পতিবার সকাল থেকেই খেলা শুরু হয়েছে। একদিকে দর্শকহীন মাঠ অন্যদিকে খেলার মাঠেই খেলা চলাকালীন ছাগল এবং কুকুরের দৌড় কর্মকর্তাদের দিকেই আঙ্গুল উঠেছে পরিচালনার ব্যর্থতা নিয়ে। যদিও অনেকেই বলছেন তেমন ভাবে প্রচার হয়নি। আবার অনেকেই বলছেন সাত সকালে দর্শক কোথা থেকে আসবে বাড়ির কাজ ফেলে রেখে। যদিও সান্তালপুর মিশন হাই স্কুলের মহিলা ফুটবল দলের কোচ অমৃত রায় জানিয়েছেন ৮ মাস ধরে তিনি তাদের প্রশিক্ষণ দিচ্ছেন। আগামী দিনে এই স্কুলের ফুটবল টিম নজর কাড়বে। তবে মালদা টিমের মহিলা কোচ গোরেটি বা জানিয়েছেন অসাধারণ মাঠ তাই তাদের খেলোয়াড়রা ভালো খেলেছে।




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।